# Minister of State for External Affairs Smt. MeenakashiLekhi’s visit to Uzbekistan (September 23-26, 2021)

September 26, 2021

---

# বিদেশ প্রতিমন্ত্রী শ্রীমতী মীনাক্ষী লেখির উজবেকিস্তান সফর (সেপ্টেম্বর 23-26, 2021)

সেপ্টেম্বর 26, 2021

23শে সেপ্টেম্বর থেকে 26শে সেপ্টেম্বর 2021 তারিখে বিদেশ প্রতিমন্ত্রী শ্রীমতী মীনাক্ষী লেখি উজবেকিস্তান সফর করেছেন। দায়িত্বভার গ্রহণের পরে মধ্য এশিয় দেশে এটিই তার প্রথম সফর।

2. প্রতিমন্ত্রী, উজবেক বিদেশমন্ত্রী হিজ এক্সেলেন্সি মিস্টার আব্দুলাজিজ কামিলভের সাথে সাক্ষাৎ করেছেন। তাদের আলোচনা কালে তারা দ্বিপাক্ষিক, আঞ্চলিক এবং বহুপাক্ষিক সহযোগিতার মত গুরুত্বপূর্ণ ক্ষেত্রের বিষয়গুলিকে ছুঁয়ে গেছেন। প্রতিমন্ত্রী, 1 বিলিয়ন ডলার মার্কিন অর্থমূল্যের লাইন অব ক্রেডিটের অধীনে উজবেকিস্তানে উন্নয়নের কাজগুলিকে দ্রুত বাস্তবায়নের উপরে জোর দিয়েছেন। উভয় পক্ষ, প্রস্তাবিত দ্বিপাক্ষিক বিনিয়োগ চুক্তির উপরে জারি থাকা মধ্যস্থতাকে যতদ্রুত সম্ভব শেষ করার জন্যও সহমত হয়েছেন।আফগানিস্তানের উদ্ভূত পরিস্থিতি এবং আফগানিস্তানের ভূখন্ডকে কোনও রকমের সন্ত্রাসবাদী কাজকর্মের জন্য ব্যবহার করতে না দেওয়ার প্রয়োজনীয়তাকে সুনিশ্চিত করার জন্য ঘনিষ্ঠ এবং নিয়মিত আলোচনা চালিয়ে যাওয়ার গুরুত্বের উপরে আলোচনা হয়েছে। প্রতিমন্ত্রী, এসসিও-তে উজবেকের বর্তমান সভাপতিত্বকে ভারতের সম্পূর্ণ সমর্থনের কথা জানিয়েছেন।

3. প্রতিমন্ত্রী তার সফরকালে উজবেকিস্তানের সংস্কৃতি মন্ত্রী হিজ হাইনেস মিস্টার ওজোডবেক নাজারবেকভের সাথেও সাক্ষাৎ করেছেন। ভারত এবং উজবেকিস্তানের মধ্যে গভীর সাংস্কৃতিক এবং সভ্যতার যোগাযোগের কারণে সংস্কৃতির বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতাকে আরও জোরদার করার বিষয়ে তাদের মধ্যে একটি ফলপ্রসু আলোচনা হয়েছে। এরমধ্যে রয়েছে মহাফেজখানা, চলচ্চিত্র, বৌদ্ধ স্থানগুলির সংরক্ষণ, উজবেকিস্তানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে 'ইন্ডিয়া স্টাডি রুম' তৈরি করা, সাহিত্য কর্মের অনুবাদ ইত্যাদি ক্ষেত্রে সহযোগিতা। সফরকালে 2021-25 মেয়াদকালে সাংস্কৃতিক বিনিময় অনুষ্ঠান করার জন্য স্বাক্ষর করা হয়েছে। সামনের সপ্তাহে ভারতের বিশিষ্ট চলচ্চিত্র ব্যক্তিত্বদের নিয়ে গঠিত 50 সদস্যের শক্তিশালী ভারতীয় প্রতিনিধি দল আগামী সপ্তাহে তাসখন্দ চলচ্চিত্র উৎসবে

অংশগ্রহণ করবে।

4. প্রতিমন্ত্রীর সফরকালে বেশ কয়েকটি বক্তৃতার ব্যস্ততা ছিল। এর মধ্যে ছিল তাসখন্দ স্টেট ইউনিভার্সিটি অব ল-তে ' ভারতের গণতান্ত্রিক ঐতিহ্য ', এবং আজাদি কা অমৃত মহোৎসবের অঙ্গ হিসেবে বুখারা স্টেট ইউনিভার্সিটিতে ' ভারত-উজবেকিস্তান সম্পর্ক-কৌশলগত অংশীদারিত্ব শক্তিশালীকরণ'-এর উপরে বক্তৃতা। তিনি তাসখন্দ স্টেট ইউনিভার্সিটি এবং অন্যান্য প্রতিষ্ঠানথেকে আগত বিশিষ্ট ভারতবিদিদের সাথে সাক্ষাৎ করেন এবং উজবেকিস্তানে ভারত বিদ্যা অধ্যয়ন ও দর্শনকে আরও উন্নতির উপায়গুলি নিয়ে আলোচনা করেন।

5. প্রতিমন্ত্রী তাসখন্দে ভারতীয় সম্প্রদায়ের সদস্যদের এবং সমরকন্দ স্টেট মেডিকেল ইনস্টিটিউটের ভারতীয় ছাত্রদের সঙ্গেও আলাপ-আলোচনা করেছেন। তিনি উজবেকিস্তান সহ অন্যান্য দেশের সাথে ভারতের সম্পর্ক জোরদার করতে বিদেশে ভারতীয় অভিবাসীদের ইতিবাচক অবদানের কথা তুলে ধরেন। আজাদিকা অমৃত মহোৎসব উদযাপনে সক্রিয়ভাবে অংশগ্রহণের জন্য ভারতীয় সম্প্রদায়কেও উৎসাহিত করা হয়েছে।

6. উজবেকিস্তানের সাথে আমাদের রাজনৈতিক কৌশলগত অংশীদারিত্বকে নিয়মিত রাজনৈতিক বিনিময় বজায় রেখে এবং আমাদের সাংস্কৃতিক মৈত্রীবন্ধন আরও সুসংহত করার মাধ্যমে এই সফর আরও গতি প্রদান করেছে।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 26, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA’s website and may be referred to as the official press release.